বিল্ডিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভিলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ প্রকল্প
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
উপজেলা কৃষি আবহাওয়া পরামর্শ বুলেটিন (১৮ অক্টোবর ২০২৬)

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন উপজেলা: গোদাগাড়ী **জেলা: রাজশাহী**
তারিখ: ১৮-১০-২০২৬ **বুলেটিন নম্বর: ১৯০**
গত ৩ দিনের আবহাওয়ার পরিস্থিতি: ১৫.১০.২০২৬ থেকে ১৭.১০.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	১৫-১০-২০২৬	১৬-১০-২০২৬	১৭-১০-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩২	৩২	৩২
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২১	২১	২০
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৬৮	৬৭	৬৮
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১১	১৩	১৩
বাতাসের দিক	উত্তর_ পশ্চিম	উত্তর_ পশ্চিম	উত্তর_ পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৪ দিনের আবহাওয়ার পূর্বাভাস: ১৮.১০.২০২৬ থেকে ২১.১০.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	১৮-১০-২০২৬	১৯-১০-২০২৬	২০-১০-২০২৬	২১-১০-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩২	৩১	৩১	৩১
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	১৮	১৭	১৭	১৭
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৬৭	৬৬	৬৬	৬৫
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১৪	১৫	১৭	১৬
বাতাসের দিক	উত্তর_ পশ্চিম	উত্তর_ পশ্চিম	উত্তর_ পশ্চিম	উত্তর_ পশ্চিম

Source: https://usf.bmd.gov.bd/

সময়কাল: ১৮ অক্টোবর – ২১ অক্টোবর ২০২৬

আম:

- অগামী চারদিনে বৃষ্টিপাতের সম্ভাবনা নাই। নতুন রোপিত চারা/অল্পবয়সী গাছের গোড়ায় নিয়মিত হালকা রস/সেচ বজায় রাখুন, যাতে গাছ সঠিকভাবে প্রতিষ্ঠিত হতে পারে। বাগানের আগাছা পরিষ্কার করুন এবং শুকনো/মরা বা রোগাক্রান্ত ডাল ছেঁটে ফেলুন। নতুন কুশি/কচি পাতায় হপার ও মিলিবাগের উপস্থিতি নিয়মিত পর্যবেক্ষণ করুন।

মিষ্টিকুমড়া:

- অগামী চারদিনে বৃষ্টিপাতের সম্ভাবনা নাই। মাটির আর্দ্রতা পরীক্ষা করে প্রয়োজন অনুযায়ী হালকা সেচ দিন। ফুল ফোটা ও ফল ধারণের সময়ে পানির ঘাটতি হতে দেবেন না। সকাল বা বিকেলে গাছের গোড়ায় সেচ দিন। ফুলের ওপর সরাসরি জোরে পানি না দিয়ে গোড়ার মাটিতে পানি পৌঁছানোর ব্যবস্থা করুন। ফুল, কচি পাতা ও লতায় লাল কুমড়া বিটলসহ অন্যান্য পোকার আক্রমণ পরীক্ষা করুন। প্রকল্প থেকে সরবরাহকৃত ফেরোমেন ফাঁদ ব্যবহার করুন।

ভূট্টা

- অগামী চারদিনে বৃষ্টিপাতের সম্ভাবনা নাই। রবি মৌসুমের ভুট্টা বপনের উপযুক্ত সময় শুরু হয়েছে। জমিতে পর্যাপ্ত আর্দ্রতা থাকলে সুপারিশকৃত জাতের মানসম্মত বীজ সারিতে বপন করুন। মাটি অতিরিক্ত শুকনো থাকলে বপনের আগে প্রয়োজনমতো সেচ দিন। অঙ্কুরোদ্গম ও চারা প্রতিষ্ঠার সময়ে মাটিতে পর্যাপ্ত আর্দ্রতা বজায় রাখুন।